Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১২

তারিখঃ ১৪ অক্টোবর ২০০৯
২৯ আশ্বিন ১৪১৬

প্রধান নির্বাহী,
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী ।

ব্যাংক-কোম্পানী কর্তৃক মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬(২) ধারা অনুসারে কোন ব্যাংক-কোম্পানী গচ্ছিত গ্রহণ বা বন্ধক ভিত্তিতে বা মালিকানা স্বত্বে অন্য কোন কোম্পানীর শেয়ার ধারণের ক্ষেত্রে ব্যাংকের আদায়কৃত ও সংরক্ষিত মূলধনের মোট পরিমাণের ৩০% বা উক্ত কোম্পানীর আদায়কৃত মূলধনের ৩০%, এর মধ্যে যা কম, তা অপেক্ষা বেশী শেয়ার ধারণ করতে পারে না। উক্ত ধারায় আরও উল্লেখ আছে যে, কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমাণ সমষ্টিগতভাবে ব্যাংকের মোট দায় এর ১০% এর বেশী হবে না। সাম্প্রতিক কালে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগে কোনো কোনো ব্যাংক কর্তৃক ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬(২) ধারা লংঘনের ঘটনা পরিলক্ষিত হয়েছে। এ প্রেক্ষিতে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬(২) ধারা যথাযথভাবে অনুসরণ করার জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হলো। তাছাড়া, ব্যাংকের আমানতকারীদের স্বার্থ রক্ষায় পৃথক আইনগত সত্তা অর্থাৎ সাবসিডিয়ারী কোম্পানী গঠনের মাধ্যমে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকসমূহকে নির্দেশ দেয়া যাচ্ছে। সাবসিডিয়ারী কোম্পানী গঠনের ক্ষেত্রে ব্যাংকসমূহকে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবেঃ

১) পৃথক সাবসিডিয়ারী কোম্পানী গঠন ব্যতিরেকে কোন ব্যাংক-কোম্পানী মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারবে না;

২) সেন্ট্রাল ডিপজিটরী কোম্পানী (CDBL) এর সাথে রক্ষিত মার্চেন্ট ব্যাংক এর মূল হিসাবে (Omnibus Account) সাবসিডিয়ারী কোম্পানী তার নিজস্ব পোর্টফলিওতে কিংবা গ্রাহকের বিনিয়োগ/মার্জিন হিসাবে কোনো কোম্পানীর সর্বমোট ১৫% এর অধিক শেয়ার ধারণ করা হলে শেষোক্ত কোম্পানীতে ব্যাংক (Parent Company) কর্তৃক ঋণ/অগ্রিম প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন নিতে হবে;

৩) সাবসিডিয়ারী কোম্পানী তার নিজস্ব পোর্টফলিওতে কিংবা গ্রাহকের মার্জিন হিসাবে ব্যাংক (Parent Company) এবং এর পরিচালকগণ বা তাদের পরিবারবর্গ (পরিচালকের স্বামী/স্ত্রী, পুত্র-কন্যা ও তাঁর উপর নির্ভরশীল সকল ব্যক্তি) পরিচালক নিয়োজিত আছেন এরূপ কোম্পানীর শেয়ার ক্রয় করবে না;

৪) কোনো ব্যাংক-কোম্পানী কর্তৃক মার্চেন্ট ব্যাংকিং পরিচালনার জন্য সাবসিডিয়ারী গঠনের পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনুমতি গ্রহণ করতে হবে;

৫) Parent Company এর বার্ষিক/ষান্মাষিক আর্থিক প্রতিবেদনে বাংলাদেশ হিসাব মান-২৭ (Bangladesh Accounting Standard-27 - Consolidated and Separate Financial Statement) এর নির্দেশনা অনুসরণ করে পৃথক ও একীভূত আর্থিক বিবরণী অন্তর্ভুক্ত করতে হবে;

৬) জানুয়ারী ২০১০ এর মধ্যে ব্যাংকসমূহের বিদ্যমান মার্চেন্ট ব্যাংকিং উইং/বিভাগকে যথানিয়মে সাবসিডিয়ারী কোম্পানী হিসেবে রূপান্তর করতে হবে।

মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকের অধীনে গঠিত সাবসিডিয়ারী কোম্পানীসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬(১)(চ) ও ৪৫(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নীতিমালা জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১১৭৮২৫